চাকরির লোভ দেখিয়ে বিদেশে নিয়ে গিয়ে প্রতারণা ভারতীয়দের

Jago Bangla

প্রতিবেদন: ভারতের নাগরিকদের চাকরির লোভ দেখিয়ে বিদেশে নিয়ে গিয়ে প্রতারণা করা হচ্ছে বলে রাজ্যসভায় উদ্বেগ প্রকাশ করলেন তৃণমূলের প্রবীণ সাংসদ জহর সরকার। কেন্দ্রের কাছে তাঁর প্রশ্ন, এইধরনের ঘটনার বিষয়ে সরকারে আদৌ কোন খোঁজ খবর রাখে কি? কম্বোডিয়া এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে চাকরিপ্রার্থী ভারতীয়দের আটকে দিয়ে তাঁদের সাইবার অপরাধমূলক কাজকর্ম করানো হচ্ছে বলে যে খবর আসছে বলে তা কি সত্যি? তিনি জানতে চান, বিদেশে ভারতীয় চাকরিপ্রার্থীদের তাঁদের ইচ্ছের বিরুদ্ধে জোর করে আটকে রেখে বিভিন্ন অপরাধমূলক এবং অনৈতিক কাজকর্ম করানো হচ্ছে কি না। নিজেদের ইচ্ছার বিরুদ্ধে রাশিয়ার পক্ষে যুদ্ধ করতে নেমে কতজন ভারতীয় প্রাণ হারিয়েছেন, তার তথ্য দাবি করেন জহরবাবু।

আরও পড়ুন-শ্রাবণের শেষ সোমবারে বিহারে পদপিষ্ট হয়ে মৃত ৭ ভক্ত, আহত ৫০

কতজনকে বাড়িতে ফিরিয়ে আনা সম্ভব হয়েছে তারও নির্দিষ্ট পরিসংখ্যান দাবি করেন তিনি। তাঁর প্রশ্ন, এই ধরনের প্রবণতা বন্ধ করতে কী ব্যবস্থা নেওয়া হয়েছে সরকারের পক্ষ থেকে। বিদেশ দফতরের প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং স্বীকার করছেন, মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে চাকরির লোভ দেখিয়ে বিদেশে বেআইনি কাজকর্ম করার বেশ কিছু ঘটনা নজরে এসেছে সরকারের। এর মধ্যে রয়েছে সাইবার অপরাধের ঘটনাও।